# ক

টে তৈরি
কটি খুনের
আনা হয়
র কাকার
ত করবেন
এত সহজ
বির প্রতিটি
ত্তেজনা আর

ভ ছাড়াও
ন্দিনী পাল,
খোপাধ্যায়,
ট্টোপাধ্যায়,
। অনেকে।
ত্যর পাতা
য়েন্দা চরিত্র
াসায় বেশ

# তা

পাওয়ার)।
। মহাদেবী
রের সেন্ট
রস্কার পায়
লেন প্রদীপ

ঙ্গি'। মোট
ফরমেন্সের
মিশন স্কুল
ন ডে স্কুল।
াই স্কুলের

বলিক স্কুল,
্যাকাডেমি,
ইন ডে স্কুল,
কমণ্ডলীতে

া বিকাশের
: ছিল কো-

# সব

াতায়।

# নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে গ্রাম দত্তক কর্মসূচি



**নিজস্ব প্রতিনিধি :** নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে ২৩ থেকে ২৯ জুন ভারত সেবাশ্রম সঙ্ঘ, খাতরা, বাঁকুড়ায় (ভি ৬৮) কমিউনিটি ডেভেলপমেন্ট কর্মসূচিতে গ্রাম দত্তক প্রকল্পর (ভিলেজ অ্যাডপশন প্রোজেক্ট) কাজ হয়। সহযোগিতায় ছিল ভারত সেবাশ্রম সঙ্ঘের প্রণবানন্দ ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি। ৭ দিনের কর্মসূচিতে ছিল সেলাই মেশিন অপারেটরস ট্রেনিং। আর্থিক দিক থেকে পিছিয়েপড়া গ্রামের ৩০ জনের বেশি মহিলা এই প্রকল্পে সেলাই মেশিন অপারেশনের প্রশিক্ষণ দেওয়া হয়। তার সঙ্গে ছিল ফিনান্সিয়াল ডিজিটাল লিটারেসি, ইডিপি স্কিলস ও হেলথ চেক আপ। ব্যবস্থাপনায় ছিল বন্ধন ব্যাঙ্ক ও পিআইএমটি'র ডাক্তাররা। এই কর্মসূচির উদ্বোধন করেন খাতরা ভারত সেবাশ্রম সঙ্ঘর সাধারণ সম্পাদক স্বামী যীতেনন্দজী মহারাজ। প্রধান অতিথি ছিলেন নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদালয়ের অধ্যাপক অনির্বাণ ঘোষ। যুগ্ম আহ্বায়ক ছিলেন আশিস মণ্ডল ও তনুশ্রী। সকলকে সার্টিফিকেট দিয়ে পুরস্কৃত করা হয়। এই অনুষ্ঠানে ছিল নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ড্রেস ফ্যাশন প্রদর্শনী।

প্রণবানন্দ ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজির অধিকর্তা অধ্যাপক প্রবীরকুমার দে জানান, 'প্রণবানন্দ ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি আর নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের যৌথ উদ্যোগে রাজ্যের প্রতিটি জেলায় গ্রাম দত্তক প্রকল্পর কাজ হবে। গ্রামের লোকদের উন্নয়নে সমষ্টি উন্নয়ন প্রকল্পর এই কর্মসূচি রূপায়িত হচ্ছে ভারত সেবাশ্রম সঙ্ঘর পিআইএমটি'র মাধ্যমে।'

# বাংলার প্রয়োগ ও ব্যবহার নিয়ে কল্যাণীতে ৫দিনের কর্মশালা

